

Prime Minister's meeting with Mr. Tadashi Yanai, Chairman, President & CEO, Fast Retailing Co. Ltd.

May 23, 2022

ফাস্ট রিটেইলিং কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান, প্রেসিডেন্ট ও সিইও মিঃ তাদাশি ইয়ানাই-এর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টোকিওতে ইউনিক্লোর সহযোগী সংস্থা ফাস্ট রিটেইলিং কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান, প্রেসিডেন্ট ও মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মিঃ তাদাশি ইয়ানাই-এর সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে তাঁরা ভারতে ক্রমবর্ধমান বস্ত্র ও পোশাক বাজার এবং বস্ত্রশিল্পের জন্য যে উৎপাদন ভিত্তিক উৎসাহ প্রকল্প রয়েছে, সেখানে বিনিয়োগের সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। ভারতে শিল্পজগতে উন্নয়ন, পরিকাঠামো, করব্যবস্থা ও শ্রমশক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে সংস্কারের ফলে বিদেশী বিনিয়োগকারীদের জন্য সহজে ব্যবসা করার বিষয়টিও বৈঠকে স্থান পায়।

বস্ত্র উৎপাদন ক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার সহ ভারতে বস্ত্রশিল্পের হাব গড়ে তোলার ক্ষেত্রে ইউনিক্লোর বৃহত্তর অংশগ্রহণের জন্য প্রধানমন্ত্রী বৈঠকে প্রস্তাব দেন। বস্ত্রশিল্পকে আরো শক্তিশালী করে তোলার উদ্দেশ্যে পিএম-মিত্র প্রকল্পে যোগদানের জন্যও শ্রী মোদী ইউনিক্লোকে আমন্ত্রণ জানিয়েছেন।

টোকিও

মে 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.